

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জাতীয় রাজস্ব বোর্ড  
 ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৫৪-আইন/২০১০/৫৭৪-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং-২০৯-আইন/২০১০/৫৫৮-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

“(ক) অনুচ্ছেদ (১) এ উল্লিখিত “বিশ (২০)” শব্দ, বক্রনী ও সংখ্যার পরিবর্তে “১৩.৩৩” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;

(খ) অনুচ্ছেদ (৩) এর দফা (খ) তে উল্লিখিত-

(অ) “বিশ (২০)” শব্দ, বক্রনী ও সংখ্যার পরিবর্তে “১৩.৩৩” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;”

(আ) “৩(তিনি)” সংখ্যা, বক্রনী ও শব্দের পরিবর্তে “২(দুই)” সংখ্যা, বক্রনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;” এবং

(গ) অনুচ্ছেদ (৪) এর দফা (ক) তে উল্লিখিত “বিশ (২০)” শব্দ, বক্রনী ও সংখ্যার পরিবর্তে “১৩.৩৩” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ড. মোঃ সহিদুল ইসলাম ]  
 প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)